ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৩১

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"মেয়াদ উত্তীর্ন ঔষধ দেওয়া হলো সরকারি হাসপাতালে।" এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১৭ অক্টোবর ২০২৫ এবং "মেয়াদউত্তীর্ণ ঔষধ কেলেঙ্কারি মুখ্যমন্ত্রীর ভাবমূর্তি নষ্টের অপচেষ্টা" এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ১৭ অক্টোবর ২০২৫ ও "মেয়াদোত্তীর্ণ ওষুধ বিলি তদন্তে লবিবাজির অভিযোগ' এই শিরোনামে ২৩ অক্টোবর ২০২৫ প্রকাশিত সংবাদগুলো ঊনকোটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, উক্ত বিষয়ে তদন্ত করার জন্য ঊনকোটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডিস্ট্রিক্ট ইমুনাইজেশন অফিসার ডাঃ সন্দীপ ভট্টাচার্যকে চেয়ারম্যান করে তিন সদস্যক একটি তদন্ত কমিটি গঠন করেন। এই কমিটির রিপোর্ট অনুসারে জানানো যাচ্ছে যে, তদন্ত কমিটি জলাই আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার, এমপিডব্লিউ, আশাকর্মী, স্থানীয় গ্রামবাসী এবং জন আরোগ্য সমিতির সদস্যদের বক্তব্য সংগ্রহ করেন। পাশাপাশি কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকেও আলাদাভাবে উক্ত বিষয়ে একটি তদন্ত করেছে। তদন্ত কমিটিকে সংশ্লিষ্ট স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার একটি (মৌখিক এবং লিখিত) বিবৃতি প্রদান করেন, যাতে তিনি উল্লেখ করেন যে তিনি সমস্ত নিয়মাবলী (এক্সপায়ার্ড মেডিসিন বক্স, রেজিস্টার) যথাযথভাবে অনুসরণ করে তালা দিয়ে রেখেছেন। তিনি এই মেয়াদ উত্তীর্ণ ওষুধ কোনোও রোগীকে প্রদান করেননি এবং তিনি ছুটিতে যাওয়ার আগে আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কঠিন বর্জ্যের নিষ্পত্তির কূপ-এ কিছু মেয়াদ উত্তীর্ণ ওষুধ ফেলেছিলেন।

*****